

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৯৪

আগরতলা, ০৮ ফেব্রুয়ারি, ২০১৯

আগামীকাল ধর্মনগর-আগরতলায় দুটি বিশেষ ট্রেন

আগামীকাল ধর্মনগর ও আগরতলার মধ্যে দুটি বিশেষ ট্রেন চলাচল করবে। এন এফ রেলওয়ের এওএম, লামডিং ডি কুমার এই সংবাদ জানান। প্রথম বিশেষ ট্রেনটি সকাল ৯টায় ধর্মনগর থেকে রওনা হবে। আগরতলায় এসে পৌঁছবে দুপুর ১ টায়। দ্বিতীয় বিশেষ ট্রেনটি ধর্মনগর থেকে রওনা হবে সকাল সাড়ে দশটায়। আগরতলায় এসে পৌঁছবে ২টা ৩০ মিনিটে। এই দুটি বিশেষ ট্রেন যথাক্রমে রাত ৬টা ৩০ মিনিটে এবং ৭টা ৩০ মিনিটে আগরতলা থেকে ধর্মনগরের উদ্দেশ্যে রওনা হবে। ধর্মনগর থেকে আগরতলা আসা এবং ধর্মনগরে ফিরে যাওয়ার পথে এই দুটি বিশেষ ট্রেন কুমারঘাট, মনু, আমবাসা, তেলিয়ামুড়া এবং জিরানীয়ায় থামবে।
